## পশ্চিমবঙ্গে সপ্তদশ লোকসভা নির্বাচনের সপ্তম তথা শেষ দফার প্রার্থীদের হলফনামার বিশ্লেষণ

পশ্চিমবঙ্গ সপ্তদশ লোকসভা নির্বাচনের সপ্তম তথা শেষ দফার ৯ টি কেন্দ্রে আগামী ১৯ ই মে ২০১৯ এ যে নির্বাচন হচ্ছে তাতে প্রতিদ্বন্দ্বিতাকারী সর্বমোট ১১১ জন প্রার্থীর হলফনামা পশ্চিমবঙ্গ ইলেকশন ওয়াচ ও এ.ডি.আর বিশ্লেষণ করেছে। এই বিশ্লষণ থেকে বেরিয়ে আসা তথ্যগুলি নিম্নরূপঃ

*এই দফায় নির্বাচন হচ্ছে নিম্নলিখিত কেন্দ্রে*

| ক্রমিক সংখ্যা | নির্বাচন কেন্দ্রে | প্রতিদ্বন্দীতাকারী প্রার্থীর সংখ্যা | নির্বাচনের তারিখ |
|---|---|---|---|
| ১ | বারাসাত | ১২ | ১৯ ই মে, ২০১৯ |
| ২ | বসিরহাট | ১৩ | |
| ৩ | ডায়মন্ডহারবার | ১০ | |
| ৪ | দমদম | ১২ | |
| ৫ | যাদবপুর | ১৩ | |
| ৬ | জয়নগর | ৮ | |
| ৭ | কলকাতা দক্ষিণ | ১৩ | |
| ৮ | কলকাতা উত্তর | ২১ | |
| ৯ | মথুরাপুর | ৯ | |
| | **মোট** | **১১১** | |

এই প্রতিবেদনের তথ্য জনহিতে জনগণকে সচেতন করার জন্য পশ্চিমবঙ্গ ইলেকশান ওয়াচ ও এডিআর দ্বারা পরিবেশিত, তথ্যের উৎস, নির্বাচন কমিশনের ওয়েবসাইট।

এই দফায় নির্বাচনী লড়াই-এ রয়েছেন বিজেপি-র ৯ জন, তৃণমূল কংগ্রেসের ৯ জন, জাতীয় কংগ্রেসের ৮ জন, সি.পি.আই.এম এর ৬ জন, বি এস পি এর ৯ জন,এস ইউ সি আই এর ৯ জন, শিব সেনার ৫ জন, রাষ্ট্রীয় জনাধিকার সুরক্ষা পার্টির ২ জন, সি পি আই এম এল রেড স্টারের ২ জন, নির্দল প্রার্থী ২৬ জন, এবং অন্যান্য দলের ২৬ জন প্রার্থী।

**বিভিন্ন ফৌজদারী মামলায় অভিযুক্ত নির্বাচন প্রার্থীঃ**

যে ১১১ জন প্রার্থীর হলফনামা বিশ্লষণ করা হয়েছে তাঁদের মধ্যে ২৩ জন (২১%) প্রার্থীর বিরুদ্ধে স্বঘোষিত বিভিন্ন ফৌজদারী মামলা রয়েছে এদের মধ্যে ১৭ জনের (১৫%) বিরুদ্ধে গুরুতর ফৌজদারী মামলা রয়েছে। যেমন খুন, খুনের প্রচেষ্টা, অপহরণ ধর্ষণ ও নানাবিধ মামলা যা জামিন অযোগ্য বা অপরাধ প্রমান হলে যার নূন্যতম শাস্তি ৫ বছরের কারাবাস। উপরোক্ত ২০ জনের মধ্যে প্রধান দলগুলির দিকে দেখলে বিজেপির ৫ জন, জাতীয় কংগ্রেসের ২ জন, তৃণমূল কংগ্রেসের ৪ জন ও সি পি আই এমের ২ জন প্রার্থী এই তালিকায় রয়েছেন।

উপরোক্ত পরিসংখ্যান থেকে এটা স্পষ্ট যে হলফনামা পশ্চিমবঙ্গ ইলেকশন ওয়াচ ও অন্যান্য সামাজিক সংগঠনগুলির বারংবার অনুরোধ সত্ত্বেও বিভিন্ন রাজনৈতিক দলগুলি ফৌজদারি মামলায় অভিযুক্ত ব্যক্তিদের নির্বাচনে মনোনয়ন দিতে এখনও তেমন দ্বিধাবোধ করেন না।

অভিযুক্ত প্রার্থীদের দলগত ভাগ

| **দল** | **বিশ্লেষণ করা প্রার্থীর সংখ্যা** | **ফৌজদারি মামলায় অভিযুক্ত প্রার্থীর সংখ্যা** | **শতাংশ (%)** | **গুরুতর ফৌজদারি মামলায় অভিযুক্ত প্রার্থীর সংখ্যা** | **শতাংশ (%)** |
|---|---|---|---|---|---|
| বিজেপির | ৯ | ৫ | ৫৬% | ৪ | ৪৪% |
| জাতীয় কংগ্রেস | ৮ | ২ | ২৫% | ২ | ২৫% |
| তৃণমূল কংগ্রেসের | ৯ | ৪ | ৪৪% | ২ | ২২% |
| সি পি আই এম | ৬ | ২ | ৩৩% | ১ | ১৭% |
| বি এস পি | ৯ | ১ | ১১% | ১ | ১১% |

এই প্রতিবেদনের তথ্য জনহিতে জনগণকে সচেতন করার জন্য পশ্চিমবঙ্গ ইলেকশান ওয়াচ ও এডিআর দ্বারা পরিবেশিত, তথ্যের উৎস, নির্বাচন কমিশনের ওয়েবসাইট।

| | | | | | |
|---|---|---|---|---|---|
| এস ইউ সি আই | ৯ | ৩ | ৩৩% | ১ | ১১% |
| রাষ্ট্রীয় জনাধিকার সুরক্ষা পার্টির | ২ | ১ | ৫০% | ১ | ৫০% |
| সি পি আই এম এল রেড স্টার | ২ | ১ | ৫০% | ১ | ৫০% |
| ভারতীয় মানবাধিকার পার্টি | ১ | ১ | ১০০% | ১ | ১০০% |
| রাষ্ট্রীয় অহিংসা মঞ্চ | ১ | ১ | ১০০% | ১ | ১০০% |
| শিবসেনা | ৫ | ১ | ২০% | ১ | ২০% |
| নির্দল | ২৬ | ১ | ৪% | ১ | ৪% |
| অন্যান্য দল | ২৪ | ০ | ০ | ০ | ০ |
| **মোট** | **১১১** | **২৩** | **২১%** | **১৭** | **১৫%** |

**নির্বাচন প্রার্থীদের অর্থনৈতিক প্রেক্ষাপটঃ**

এই দফার নির্বাচনে ১১১ জন প্রার্থীর মধ্যে ৩০ জন (২৭%) প্রার্থী কোটিপতি। এদের সম্পদ ১ কোটি টাকার বেশী। এই পর্বে মোট সম্পদের বিচারে সবচেয়ে ধনী প্রার্থী

১। কলকাতা দক্ষিণের জাতীয় কংগ্রেস প্রার্থী মিতা চক্রবর্তী, তার মোট ঘোষিত সম্পদ ৪৪ কোটি টাকার বেশী।

২। ওনার পরেই আছেন যাদবপুরের সি পি আই এম প্রার্থী বিকাশ রঞ্জন ভট্টাচার্য্য, তার মোট ঘোষিত সম্পদ ১২ কোটি টাকার বেশী।

৩। তিন নম্বর স্থানে আছেন কলকাতা উত্তরের জাতীয় কংগ্রেস প্রার্থী, সৈয়দ সাহীদ ইমাম তার মোট ঘোষিত সম্পদ ৭কোটি টাকার বেশী।

এঁরা সবাই প্যানের তথ্য দিয়েছেন।

**দলভেদে কোটিপতি প্রার্থীরা**

| দল | বিশ্লেষণ করা প্রার্থীর সংখ্যা | কোটিপতি প্রার্থীর সংখ্যা | শতাংশ (%) |
|---|---|---|---|
| তৃণমূল কংগ্রেস | ৯ | ৯ | ১০০% |
| জাতীয় কংগ্রেস | ৮ | ৫ | ৬৩% |
| বিজেপি | ৯ | ৪ | ৪৪% |
| এস ইউ সি আই | ৯ | ২ | ২২% |
| নির্দল | ২৬ | ৩ | ১২% |
| আল ইন্ডিয়া ফরওয়ার্ড ব্লক | ১ | ১ | ১০০% |
| সিপি আই এম | ৬ | ৩ | ৫০% |
| ভারতীয় ন্যায় অধিকার রক্ষা পার্টি | ৩ | ১ | ৩৩% |
| রাষ্ট্রীয় অহিংসা মঞ্চ | ১ | ১ | ১০০% |
| মুলনিবাসী পার্টি অফ ইন্ডিয়া | ১ | ১ | ১০০% |
| অন্যান্য | ৩৮ | ০ | ০% |
| মোট | **১১১** | **৩০** | **২৭%** |

**এই পর্বের সবচেয়ে কম সম্পদ যে তিন প্রার্থীদের তারা হলেনঃ**

১। বারাসাতের নির্দল প্রার্থী মৃণালকান্তি ভট্টাচার্য্য (মোট ঘোষিত সম্পদ ৩৫০০০ টাকা +), এরপরে

২। দমদমের নিউ ডেমোক্রেটিক পার্টি অফ ইন্ডিয়ার সুবীর দাস (মোট ঘোষিত সম্পদ ৪১০০০ টাকা +),

৩। বসিরহাটের নির্দল প্রার্থী শুভাশিষ কুমার ভৌমিক (মোট ঘোষিত সম্পদ ৪৭০০০ টাকা +),

এই প্রতিবেদনের তথ্য জনহিতে জনগণকে সচেতন করার জন্য পশ্চিমবঙ্গ ইলেকশান ওয়াচ ও এডিআর দ্বারা পরিবেশিত, তথ্যের উৎস, নির্বাচন কমিশনের ওয়েবসাইট।

**এই পর্যায়ের সমস্ত প্রার্থীদের ধরলে মাথা পিছু গড় সম্পদ হল ১.৩৫ কোটি টাকা।**

**দলে প্রার্থীদের মাথাপিছু গড় অর্থনৈতিক প্রেক্ষাপটের চিত্রটি হল নিম্নরুপঃ**

| **দলের নাম** | **বিশ্লেষণ করা প্রার্থীর সংখ্যা** | **গড় সম্পদ (টাকায়)** |
|---|---|---|
| তৃণমূল কংগ্রেস | **৯** | **২ কোটি+** |
| বিজেপি | **৯** | **১ কোটি+** |
| এস ইউ সি আই (সি) | **৯** | **৫৬ লক্ষ +** |
| বি এস পি | ৯ | ৩৪ লক্ষ + |
| জাতীয় কংগ্রেস | ৮ | ৭ কোটি + |
| সি পি আই এম | **৬** | **৩ কোটি +** |
| শিবসেনা | ৫ | ২৮ লক্ষ + |
| রাষ্ট্রীয় জনসচেতন পার্টি | ৪ | ১০ লক্ষ + |
| ভারতীয় ন্যায় অধিকার রক্ষা পার্টি | ৩ | ৫৬ লক্ষ + |
| পার্টি ফর ডেমক্রেটিক সোশ্যালিজম | ৩ | ৪৮ লক্ষ + |
| নিউ ডেমোক্রেটিক পার্টি অফ ইন্ডিয়া | ৩ | ৫ লক্ষ + |
| রাষ্ট্রীয় জনাধিকার সুরক্ষা পার্টি | ২ | ২৪ লক্ষ + |
| সি পি আই এম এল রেড স্টার | ২ | ৫ লক্ষ + |
| রাষ্ট্রীয় অহিংসা মঞ্চ | ১ | ৪ কোটি + |
| মুলনিবাসী পার্টি অফ ইন্ডিয়া | ১ | ১ কোটি+ |
| অল ইন্ডিয়া ফরয়ার্ড ব্লক | ১ | ১ কোটি+ |
| ভারতীয় মানবাধিকার পার্টি | ১ | ৯১ লক্ষ + |
| সি পি আই | ১ | ৬০ লক্ষ + |
| আর এস পি | ১ | ৪০ লক্ষ + |
| ভারত প্রভাত পার্টি | ১ | ৩৩ লক্ষ + |
| আমরা বাঙালি | ১ | ২০ লক্ষ + |

এই প্রতিবেদনের তথ্য জনহিতে জনগণকে সচেতন করার জন্য পশ্চিমবঙ্গ ইলেকশান ওয়াচ ও এডিআর দ্বারা পরিবেশিত, তথ্যের উৎস, নির্বাচন কমিশনের ওয়েবসাইট।

| | | |
|---|---|---|
| পিরামিড পার্টি অফ ইন্ডিয়া | ১ | ১১ লক্ষ + |
| অল ইন্ডিয়া লেবার পার্টি | ১ | ৬ লক্ষ + |
| পুর্বাঞ্চল জনতা পার্টি (সেকুলার) | ১ | ১ লক্ষ + |
| জন সংঘর্ষ ভিরাট পার্টি | ১ | ৬০ হাজার + |
| জন সংঘ পার্টি | ১ | ৫৭ হাজার + |
| নির্দল | ২৬ | ৪৮ লক্ষ + |
| মোট পার্টি | **১১১** | **১ কোটি +** |

এই পর্যায়ের ৩৮ জন প্রার্থী তাঁদের মোট দায় বা লাইবেলিটিসের কথা উল্লেখ করেছেন।

১। এদের মধ্যে সবার আগে রয়েছেন কলকাতা দক্ষিণের জাতীয় কংগ্রেস প্রার্থী মিতা চক্রবর্তী, (মোট ঘোষিত সম্পদ ৪৪ কোটি ও দায় ১৮ কোটি),

২। তারপরেই আছেন বসিরহাটের নির্দল প্রার্থী মিজানুর রহমান (মোট ঘোষিত সম্পদ ৩ কোটি+ ও দায় ২ কোটি +)

৩। আর উল্লেখযোগ্য হল যাদবপুরের সিপি আই এম প্রার্থী বিকাশ রঞ্জন ভট্টাচার্য্য (মোট ঘোষিত সম্পদ ১২ কোটি + ও দায় ২ কোটি +)

**লাইবেলিটিস বা দায়ের বিস্তারিত চিত্রটি নিম্নরূপঃ**

**প্রার্থীদের লাইবেলিটিসের বিস্তারিত চিত্রঃ**

| **ক্র নং** | **প্রার্থীর নাম** | **নির্বাচন কেন্দ্র** | **দল** | **মোট আয়** | **মোট দায়** | **প্যান তথ্য** |
|---|---|---|---|---|---|---|
| ১ | মিতা চক্রবর্তী | কলকাতা দক্ষিণ | জাতীয় কংগ্রেস | ৪৪ কোটি + | ১৮ কোটি + | আছে |
| ২ | মিজানুর রহমান | বসিরহাট | নির্দল | ৩ কোটি + | ২ কোটি + | আছে |
| ৩ | বিকাশ রঞ্জন ভট্টাচার্য্য | যাদবপুর | সি পি আই এম | ১২ কোটি + | ২ কোটি + | আছে |
| ৪ | নুসরাত জাহান রুহী | বসিরহাট | তৃণমূল কংগ্রেস | ২ কোটি + | ১ কোটি + | আছে |
| ৫ | মনমোহন গারোডিয়া | কলকাতা উত্তর | রাষ্ট্রীয় অহিংসা মঞ্চ | ৪ কোটি + | ১ কোটি + | আছে |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ৬ | সৌরভ সাহা | দমদম | জাতীয় কংগ্রেস | ১ কোটি + | ৫২ লক্ষ + | আছে |
| ৭ | নন্দিনী মুখার্জী | কলকাতা দক্ষিণ | সি পি আই এম | ১ কোটি + | ৩৮ লক্ষ + | আছে |
| ৮ | মৃনাল কান্তি দেবনাথ | বারাসাত | বি জে পি | ৪৯ লক্ষ + | ৩৩ লক্ষ + | আছে |
| ৯ | জয়দেব দাস | কলকাতা উত্তর | ভারতীয় মানবাধিকার পার্টি | ৯১ লক্ষ + | ৩০ লক্ষ + | আছে |
| ১০ | সন্তোষ কুমার | ডায়মণ্ড হারবার | শিবসেনা | ৬২ লক্ষ + | ২৩ লক্ষ + | আছে |
| ১১ | সুমন্ত ভৌমিক | কলকাতা উত্তর | নির্দল | ৪২ লক্ষ + | ২১ লক্ষ+ | আছে |
| ১২ | ডঃ অশোক কাণ্ডারি | জয়নগর | বি জে পি | ২ কোটি + | ২০ লক্ষ + | আছে |
| ১৩ | রাহুল বিশ্বজিৎ সিনহা | কলকাতা উত্তর | বি জে পি | ২ কোটি+ | ২০ লক্ষ+ | আছে |
| ১৪ | মিমি চক্রবর্তী | যাদবপুর | তৃণমূল | ২ কোটি+ | ১৯ লক্ষ+ | আছে |
| ১৫ | ডঃ নজরুল ইসলাম | যাদবপুর | মুলনিবাসী পার্টি অফ ইন্ডিয়া | ১ কোটি+ | ১৬ লক্ষ+ (৫২ হাজার + বিতর্কিত) | আছে |
| ১৬ | ডঃ কাকলি ঘোষ দস্তিদার | বারাসাত | তৃণমূল | ৪ কোটি+ | ১৪ লক্ষ+ | আছে |
| ১৭ | কনিনিকা বোস (ঘোষ) | কলকাতা উত্তর | সি পি আই এম | ৭৪ লক্ষ + | ১২ লক্ষ + | আছে |
| ১৮ | নিলাঞ্জন রায় | ডায়মন্ড হারবার | বি জে পি | ৪৫ লক্ষ+ | ৯ লক্ষ + | আছে |
| ১৯ | অসিত কুমার হালদার | মথুরাপুর | নির্দল | ২ লক্ষ + | ৯ লক্ষ+ | আছে |
| ২০ | চন্দ্র কুমার বোস | কলকাতা দক্ষিণ | বি জে পি | ১ কোটি + | ৮ লক্ষ + | আছে |
| ২১ | সুকুমার বালা | বারাসাত | বি এস পি | ৭৩ লক্ষ + | ৮ লক্ষ + | আছে |
| ২২ | প্রণব কুমার জাটুয়া | মথুরাপুর | নির্দল | ১৮ লক্ষ + | ৬ লক্ষ + | আছে |
| ২৩ | সৌম্য আইচ রায় | ডায়মন্ড হারবার | জাতীয় কংগ্রেস | ১ কোটি + | ৫ লক্ষ+ | আছে |
| ২৪ | রিংকু গুপ্তা | কলকাতা উত্তর | পিরামিড পার্টি অফ ইন্ডিয়া | ১১ লক্ষ + | ৫ লক্ষ + | আছে |
| ২৫ | অনুরাধা পুতাতুন্ডা | যাদবপুর | পার্টি ফর ডেমোক্রেটিক | ২৮ লক্ষ+ | ৪ লক্ষ + | আছে |

এই প্রতিবেদনের তথ্য জনহিতে জনগণকে সচেতন করার জন্য পশ্চিমবঙ্গ ইলেকশান ওয়াচ ও এডিআর দ্বারা পরিবেশিত, তথ্যের উৎস, নির্বাচন কমিশনের ওয়েবসাইট।

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | | সোশ্যালিজম | | | |
| ২৬ | শ্যামা প্রসাদ হালদার | মথুরাপুর | বিজেপি | ৩৫ লক্ষ+ | ৪ লক্ষ + | আছে |
| ২৭ | অমিত সেনগুপ্ত | দমদম | রাষ্ট্রীয় জনসচেতন পার্টি | ২৪ লক্ষ + | ২ লক্ষ + | আছে |
| ২৮ | কৃত্তিবাস সর্দার | মথুরাপুর | জাতীয় কংগ্রেস | ৮ লক্ষ + | ২ লক্ষ + | আছে |
| ২৯ | অজয় কুমার বায়েন | বসিরহাট | এস ইউ সি আই-সি | ১ কোটি+ | ১ লক্ষ + | আছে |
| ৩০ | স্বর্ণলতা সরকার | ডায়মন্ড হারবার | ভারতীয় ন্যায় অধিকার রক্ষা পার্টি | ১ লক্ষ + | ৮২ হাজার + | আছে |
| ৩১ | সৌমেন সরকার | মথুরাপুর | বিএসপি | ১৭ লক্ষ+ | ৭৮হাজার + | আছে |
| ৩২ | তপন মণ্ডল | জয়নগর | জাতীয় কংগ্রেস | ৩৬ লক্ষ + | ৬০ হাজার + | আছে |
| ৩৩ | মীর টিপু সুলতান আলি | কলকাতা উত্তর | পার্টি ফর ডেমোক্রেটিক সোশ্যালিজম | ৭৯ লক্ষ + | ৫০ হাজার + | আছে |
| ৩৪ | নরেশ চন্দ্র বাড়ুই | দমদম | বিএসপি | ৯৮ লক্ষ + | ২০ হাজার + | আছে |
| ৩৫ | পরিমল মিস্ত্রি | বসিরহাট | নির্দল | ৪ লক্ষ+ | ১৫ হাজার + | আছে |
| ৩৬ | রুপা খান | যাদবপুর | ভারতীয় ন্যায় অধিকার রক্ষা পার্টি | ১ কোটি + | ১১ হাজার + | আছে |
| ৩৭ | বানী চক্রবর্তী | বারাসাত | শিবসেনা | ২১ লক্ষ + | ৭ হাজার + | আছে |
| ৩৮ | অশোক বৈরাগী | জয়নগর | নিউ ডেমোক্রেটিক পার্টি অফ ইন্ডিয়া | ৬২ হাজার + | ৬ হাজার + | আছে |

**প্রার্থীদের আয়ের চিত্রঃ**

**এই দফায় তিন জন প্রার্থী তাদের আয় ১ কোটি টাকার বেশী বলে জানিয়েছেন, এঁরা হলেন**

| **ক্র নং** | **প্রার্থীর নাম** | **দল** | **নির্বাচন কেন্দ্র** | **মোট সম্পদ** | **নিজের আয়ের উৎস** | **স্বামী/স্ত্রীর আয়ের উৎস** | **আয়কর রিটার্নের বছর** | **মোট আয়** | **নিজের আয়** |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | অভিষেক ব্যানার্জী | তৃণমূল | ডায়মন্ড হারবার | ১ কোটি + | পারিশ্রমিক, ঘর ভাড়া, অন্যান্য | পারিশ্রমিক, মুলধন থেকে আয়, অন্যান্য | ২০১৭-১৮ | ২ কোটি + | ৭৫ লক্ষ + |
| ২ | বিকাশ রঞ্জন ভট্টার্চ্যি | সি পি আই এম | যাদবপুর | ১২ কোটি + | আইন ব্যবসা | ডায়েট কনসালটেন্ট | ২০১৭-১৮ | ১ কোটি + | ১ কোটি + |
| ৩ | মিতা চক্রবর্তী | জাতীয় কংগ্রেস | কলকাতা দক্ষিণ | ৪৪ কোটি + | ব্যবসা | ব্যবসা | ২০১৭-১৮ | ১ কোটি + | ৪৭ লক্ষ + |

**২ জন প্রার্থী (২%) প্যানের তথ্য দেন নি।**

**এই পর্বের নির্বাচনে ১১১ জনের মধ্যে ৪৬ জন আয়কর রিটার্নের তথ্য দেন নি/ স্পষ্ট নয় (৪১%)** (অথচ কেউ কেউ আয়ের কথা উল্লেখ করেছেন।)

নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতারত প্রার্থীদের আর্থিক প্রেক্ষাপট দেখে এটা বলাই যাই যে রাজনৈতিক দলগুলি কোটিপতি বা উচ্চবিত্ত প্রার্থীদের নির্বাচনে মনোনয়ন দিচ্ছে।

অন্যান্য তথ্যাবলীঃ

এই দফার ১১১ জন প্রার্থীদের মধ্যে বয়সের দিক থেকে ২৫ বছর থেকে ৫০ বছরের এর প্রার্থী আছেন ৫৩ জন (৪৮%) ও ৫০ এর বেশী বয়সের প্রার্থীর সংখ্যা (৫০ থেকে ৮১ বছর) মোট ৫৮ জন (৫২%)।

বিস্তারিত চিত্রঃ

| বয়স (বছর) | বিশ্লেষণ করা প্রার্থীর সংখ্যা |
|---|---|
| ২৫-৩০ | ৫ |
| ৩১-৪০ | ১৩ |
| ৪১-৫০ | ৩৫ |
| ৫১-৬০ | ৩১ |
| ৬১-৭০ | ২৫ |
| ৭১-৮০ | ২ |
| মোট | ১১১ |

শিক্ষাগত দিক থেকে দেখলে এবারের প্রার্থীদের ৪০ জন (৩৬%) ১২ ক্লাস পর্যন্ত লেখাপড়া করেছেন এবং ৭০ জন (৬৩%) স্নাতক বা স্নাতোকোত্তর ডিগ্রী ধারী আছেন।

**বিস্তারিত চিত্রটি নিম্নরূপঃ**

| **বয়স (বছর)** | **বিশ্লেষণ করা প্রার্থীর সংখ্যা** |
|---|---|
| ৫ ক্লাস পাশ | ২ |
| ৮ ক্লাস পাশ | ১০ |
| ১০ ক্লাস পাশ | ১৩ |
| ১২ ক্লাস পাশ | ১৫ |
| স্নাতক | ২৯ |
| কারিগরী বিষয়ে স্নাতক (প্রোফেশানাল গ্রাজুয়েট) | ১৬ |
| স্নাতকোত্তর | ২৩ |
| ডক্টরেট | ২ |
| অন্যান্য | ১ |
| **মোট** | **১১১** |

**১১১ প্রার্থীদের মধ্যে ১৭জন মহিলা প্রার্থী রয়েছেন অর্থাৎ মাত্র ১৫% মহিলা প্রার্থী এই দফার নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করছেন।** যদিও সব রাজনৈতিক দলই মহিলাদের ক্ষমতায়ন, এমন কি সংসদে মহিলাদের জন্য ৩৩% আসন সংরক্ষনে কথা বলেন কিন্তু কার্যত ভোট যুদ্ধে মনোনয়ন পাওয়ার ক্ষেত্রে এখনও পুরুষ প্রার্থীদেরই পাল্লা ভারী।

সমস্ত প্রার্থীদের বিস্তারিত সম্পদের তথ্য ও ফৌজদারি মামলায় অভিযুক্ত প্রার্থীদের পূর্নাংগ তথ্য (কার বিরুদ্ধে কটা কেস ও কি কি ধারার অভিযোগ ইত্যাদি) ইংরাজীতে সংলগ্ন করা হল।

উজ্জয়িনী হালিম
(উজ্জয়িনী হালিম)
রাজ্য সংযোজিকা
State Coordinator
Contact: 9830299326

এই প্রতিবেদনের তথ্য জনহিতে জনগণকে সচেতন করার জন্য পশ্চিমবঙ্গ ইলেকশান ওয়াচ ও এডিআর দ্বারা পরিবেশিত, তথ্যের উৎস, নির্বাচন কমিশনের ওয়েবসাইট।